Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/পরি./২০২৬/৫৯৫ তারিখ: ০৯/০৭/২০২৬ ইং

প্রতি,
সকল শাখা, এরিয়া, জোন এবং ডিভিশন সমুহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয় ঃ আত্মসাৎ প্রতিরোধে মাঠ পর্যায়ের কার্যকর মনিটরিং ও পরিদর্শন জোড়দার করন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,
শুভেচ্ছা নিবেন। সম্প্রতি ব্রাঞ্চ পর্যায়ে আত্মসাৎ সহ অনিয়রমন পরিমান অনেকটা বৃদ্ধি পেয়েছে যা অনাকাঙ্খিত। ব্রাঞ্চের পোর্টফলিও সাইজ অনুযায়ী (সিও সংখ্যা, ঋনী সংখ্যা, ঋনস্থিতি, সঞ্চয় ইত্যাদি) বিভিন্ন স্তরের সুপারভাইজার/মনিটর থাকা সত্বেও এধরনের অনিয়ম কাম্য নয়। বিভিন্ন প্রতিবেদনের আলোকে যে ঘাটতি ও দুর্বলতাগুলো চিহ্নিত হয়েছে তা হলো-

- যেভাবে যথাযথ সময় ও চেকলিষ্ট অনুযায়ী মনিটরিং কার্যাদি সম্পন্ন করার কথা; অর্থাৎ সফটওয়ার ও ম্যানুয়েল এ সংরক্ষিত হিসাব, রেজিষ্টার, ডকুমেন্ট যাচাই ইত্যাদি তা যথাযথভাবে হচ্ছেনা। ব্রাঞ্চ মনিটরিং কালে কর্মীদের নিয়ে যে Feed back / Promotional role পালন করার কথা তাও অনেকক্ষেত্র হচ্ছেনা। অনেক ক্ষেত্রেই লক্ষ্য করা যাচ্ছে; নির্ধারিত অনুমোদন সিলিং এর মধ্যে ঋনী যাচাইকেই সর্বাধিক সময় দিয়ে করা হচ্ছে; সুপারভাইজারদেরকে নির্ধারিত অনুমোদন সিলিং এরমধ্যে যাচাই করেই অনুমোদন দিতে হবে; তার অর্থ এটা নয়; মুল মনিটরিং কাজকে বাধাগ্রস্থ করতে হবে।
- অনেক ক্ষেত্রে ঋনের আবেদন ও ঋন বিতরনের মধ্যে সময়ের ব্যবধান খুবই কম; যে কারনে অসম্পন্ন ঋন আবেদনে ঋন বিতরন হয় বা অফিসে বসে তাড়াহুড়া করে ঋন ফরম তৈরী করে ঋন বিতরন হয়।
- নগদে সঞ্চয় ফেরতের ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যদের স্বাক্ষর গ্রহন বাধ্যতামুলক এর নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে অন্য সদস্য'র বা সিও'র স্বাক্ষরে ফেরত দেখানো হচ্ছে; যাতে আত্মসাৎ সহ অনেক অনিয়ম সংঘটিত হওয়ার সুযোগ থাকে।
- এককালীন পরিশোধযোগ্য ঋনীদের ঋন পরিশোধের নুন্যতম ২ মাস পুর্বে অফিসে এসে ঋন পরিশোধের বিষয়ে মোবাইলে সদস্যদেরকে জানানোর নির্দেশনা দেয়া হলেও অনেক ক্ষেত্রে তা অনুসরন করা হচ্চেনা; যা মনিটরিং দুর্বলতা ও গাফিলতির সামিল এবং এ কারনে অনেক অনিয়ম সংঘটিত হচ্ছে।
- ব্রাঞ্চে দীর্ঘ সময়ব্যাপী মোটা অংকের টাকা হাতে নগদ দেখানো হচ্ছে; অথচ এর কারন উদঘাটন করে কোন যথাযথ ব্যবস্থা নেয়া হয়না।
- খোঁজ নিয়ে জানা যায় অনেক সুপারভাইজার সফটওয়ারে যথাযথ ধারনা না থাকার কারনে ব্রাঞ্চের কম্পিউটারে বসে মনিটরিং এর কিছু কাজ / যাচাই করতে দ্বিধাবোধ করে; কিছু কিছু ক্ষেত্রে এটা হতে পারে; যা সহজেই নিজ দায়িত্বে শিখে নেয়া যায়।
- OTR এর প্রকৃত অবস্থা না জেনে বা বুঝে শতভাগ নিশ্চিত করনের জন্য ব্রাঞ্চ / কর্মীকে চাপ প্রয়োগ করা এবং টপসীট করানো; যা নীতি বিবর্জিত কাজ। প্রকৃত OTR যাচাই করার ক্ষেত্রে আদায় টপসিটের সাথে জমা ও উত্তোলন মিলকরন না করা।
- সমিতির বার ছাড়া মাত্রাতিরিক্ত অগ্রীম কিস্তি গ্রহন করে ১ /২ দিনের ব্যবধানে ঋন বিতরন করা। এখানে অনেক অনিয়মের সুযোগ থাকে।
- প্রায় শাখাতেই বড় অংকের অকার্যকর ডিপিএস রয়েছে; এগুলো কি আসলেই অকার্যকর, কি কারনে অকার্যকর তা যাচাই করা হয়না। এখানেও অনেক অনিয়মের সুযোগ থাকতে পারে।

করনীয় সংক্রান্ত নির্দেশনাঃ

- এখন থেকে সর্ব্বোচ Priority দিয়ে বিএম সহ সকল স্তরের মনিটর / সুপারভাইজার চেকলিষ্ট অনুযায়ী ব্রাঞ্চ মনিটরিং এর কাজকে গুরুত্ব সহ দেখবেন; অর্থাৎ সফটওয়ার ও ম্যানুয়েল এ সংরক্ষিত যাবতীয় হিসাব, রেজিষ্টার, ডকুমেন্ট যাচাই ও মিলিয়ে যথাস্থানে স্বাক্ষর করে নিশ্চিত করবেন। এএম পুর্ববর্তী মনিটরিং এর পর থেকে চলতি মনিটিরং পর্যন্ত যাবতীয় হিসাব-নিকাশ যাচাই করে যথাস্থানে স্বাক্ষর করবেন। জেডএম ও অন্যান্য সুপারভাইজার নমুনা হিসেবে যাচাই করবেন।
  ইতিপুর্বে দেয় নির্দেশনা সুত্র নং-রিক/কেন্দ্রীয়/পরিচালক/২০২৬/২৫৮, তাং ১৫.০৩.২০২৬ অনুযায়ী ব্রাঞ্চ পরিদর্শন / মনিটরিং করার পর মনিটরিং রেজিষ্টার সংরক্ষনের নির্দেশনা থাকলেও তা অনেক স্থানেই বাস্তবায়ন হচ্ছেনা। এবিষয়ে আবারো সকলকে তৎপর করা হলো।
- এখন থেকে বিএও এবং বিএম যৌথভাবে সফটওয়ারে ও প্রযোজ্য ক্ষেত্রে ম্যানুয়েল ডকুমেন্টে যথাযথভাবে স্বাক্ষর করে ডে-ক্লোজ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করবেন। এর ব্যতিক্রম হলে উভয়ই জবাবদিহিতার আওতায় আসবেন।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

- মাঠ থেকে যে কোন ধরনের বা পরিমান অগ্রীম গ্রহন সম্পুর্নভাবে নিষিদ্ধ; বিশেষ পরিস্থিতিতে আদায় করতে হলে এএম'র অনুমোদন প্রয়োজন হবে এবং বিএম অথবা বিএও'র উপস্থিতি প্রয়োজন হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট কর্মী সহ ফলোআপের ঘাটতির জন্য বিভিন্ন সুপারভাইজারের উপর শাস্তি প্রযোজ্য হবে।
- অগ্রীম গ্রহনের মাধ্যমে পরবর্তী ঋন প্রদান জেডএম'র অনুমোদন প্রযোজ্য হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্টদের জবাবদিহিতার আওতায় আনা হবে।
- বিশেষ ক্ষেত্রে কোন সদস্য অফিসে এসে বিএও'র নিকট কিস্তি বা সঞ্চয়ের টাকা জমা দিলে সিও নিজ দায়িত্বে উক্ত জমার বিষয়টি সফটওয়ার ও সংশ্লিষ্ট ডকুমেন্ট থেকে নিশ্চিত হবেন। এক্ষেত্রে বিএও ও বিএম সার্বিকভাবে সহযোগীতা করবেন।
- প্রতি ৩ মাস পর বা বছরে ২ বার বিএওগন ১ সপ্তাহের জন্য এরিয়ার অধীন অন্য ব্রাঞ্চে গিয়ে ঘূর্ণায়মান পদ্ধতিতে কাজ করবেন। এএম ব্রাঞ্চ নির্ধারন করে দেবেন। মাসের ১ম সপ্তাহে করাটা উত্তম হবে। এই আন্তঃব্রাঞ্চ বদলে চিহ্নিত ঘাটতি / ফাইন্ডিংস রেজিষ্টারে লিখিত থাকবে।
- ব্রাঞ্চের পোর্টফলিও সাইজ, ঝুঁকি ইত্যাদি বিবেচনায় বিভাগীয় হিসাব কর্মকর্তা মাসে নুন্যতম ১৫ টি ব্রাঞ্চ পরিদর্শন করে নিয়ম বর্হিভুতভাবে অগ্রীম গ্রহন, সঞ্চয় ফেরত/সমন্বয়, ঋন বিতরন ফরম যাচাই, ধারাবাহিকভাবে মাত্রাতিরিক্ত হাতে নগদ ও ব্যাংক স্থিতি ইত্যাদি যাচাই করবেন।
- এককালীন পরিশোধযোগ্য ঋনীদের ঋন পরিশোধের নুন্যতম ২ মাস পুর্বে অফিসে এসে ঋন পরিশোধের বিষয়ে মোবাইলে সদস্যদেরকে জানানোর জন্য বিএম ও এএমকে পুনরায় নির্দেশনা দেয়া হচ্ছে। এবিষয়ে এএম ও বিএম আনুপাতিকহারে ঋনী ভাগ করে নিয়ে মোবাইলে অগ্রীম প্রদানের বিষয়টি নিশ্চিত করবেন এবং এসংক্রান্ত তথ্য সংরক্ষনের বিষয়টি নিশ্চিত করবেন। এজন্য কোন অনিয়ম বা আত্মসাৎ সংঘটিত হলে দায়ভার তাদের উপরেও বর্তাবে।

আরোও কতিপয় বিষয়ে নির্দেশনাঃ

১. এককালীন / সুফলন ঋনের শুধুমাত্র সার্ভিস ফি আদায় করে পুনরায় ঋন প্রদান করা সংক্রান্তঃ
লক্ষ্য করা যাচ্ছে যে কিছু কিছু ব্রাঞ্চে শুধুমাত্র সার্ভিস ফি আদায় করে এককালীন / সুফলন ঋন প্রদান করা হচ্ছে; যদিও এই সংখ্যা একেবারেই কম; কিন্তু ঋন কর্মসূচীর ব্যবস্থাপনা কতৃপক্ষ মনে করে এটি এক ধরনের রিসিডিউল এবং এখান থেকে অনেক অনিয়মের সৃষ্ঠি হতে পারে। সুতরাং এ ধরনের ঋন প্রদান বন্ধ করার জন্য নির্দেশনা দেয়া হলো। তবে একেবারেই বিশেষ ক্ষেত্রে (প্রাকৃতিক দুর্যোগে ফসল ক্ষতিগ্রস্থ, সদস্য পরিবারে বড় ধরনের দুর্ঘটনায় আর্থিক ক্ষতিগ্রস্থ) এই ঋন প্রদান করতে হলে সদস্য'র আবেদনের প্রেক্ষিতে ডিভিএম অনুমোদন দেবেন এই শর্তে যে সদস্যকে সাপ্তাহিক ও মাসিক কিস্তির ভিত্তিতে ঋন দিতে হবে এবং সদস্য নিয়মিত সঞ্চয় জমা প্রদান করবেন। অডিট টিম সহ বিভিন্ন স্তরের সুপারভাইজার বিষয়টি যথাযথভাবে মনিটরিং করবেন।

২. PLS ধারী সদস্যদের সঞ্চয় স্কীম নবায়নের ক্ষেত্রে সিও/ মাঠকর্মীদের কমিশন প্রদানঃ
এই কমিশন শুধুমাত্র নুতন সদস্যদেরকে PLS স্কীমে আনার জন্য প্রযোজ্য হবে; স্কীম নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। তবে কোন PLS ধারী সদস্য যদি এই স্কীম নবায়নের পরও আরো একটি স্কীম খোলে; সেক্ষেত্রে কমিশন প্রযোজ্য হবে।

আশাকরি সকল স্তরের সুপারভাইজার স্ব-স্ব দায়িত্ব নিয়ে ব্রাঞ্চ পরিদর্শনে কার্যকর মনিটরিং নিশ্চিতকরনে যথাযথ ভুমিকা রাখবেন এবং ঋন কর্মসূচীকে ঝুঁকিমুক্তভাবে পরিচালনা করতে সক্ষম হবেন; এই প্রত্যাশা রইল।

ধন্যবাদান্তে,

Aiola

আফরোজা লায়লা
পরিচালক, রিক।

অনুলিপিঃ
১. নির্বাহী পরিচালক, রিক,
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় প্রধান (সকল)
৩. কেন্দ্রীয় অপারেশন টিম
৪. অফিস কপি